# রাজশাহীতে নলকূপে পড়া শিশু সাজিদকে ৩২ ঘণ্টা পর জীবিত উদ্ধার




সংগৃহীত ছবি

রাজশাহীর তানোরে একটি গভীর নলকূপে পড়ে যাওয়া শিশু সাজিদকে ফায়ার সার্ভিস উদ্ধার করেছে। দুর্ঘটনার ৩২ ঘণ্টা পর শিশুটিকে উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়েছে। শিশুটি জীবিত আছে কিনা তা এখনও নিশ্চিত হওয়া যায়নি।

উপজেলার পাঁচন্দর ইউনিয়নের কোয়েলহাট গ্রামে বুধবার দুপুরে মর্মান্তিক এই দুর্ঘটনা ঘটে। জানা যায়, সাজিদ তার মা ও ভাইয়ের সঙ্গে বাড়ির পাশের একটি খড় ঢাকা জমি পার হচ্ছিল। হাঁটার সময় হঠাৎ শিশু গর্তে পড়ে যায়। পেছন থেকে 'মা মা' চিৎকার শুনে তার মা ফিরে দেখেন, সাজিদ নেই। খড় সরালে দেখা যায় একটি গভীর নলকূপের মুখ।

স্থানীয়রা জানান, গত বছর একই স্থানে একজন ব্যক্তি গভীর নলকূপ স্থাপনের চেষ্টা করেছিলেন। ১২০ ফুট নিচে পানি না পাওয়ায় পাইপটি পরিত্যক্ত অবস্থায় ফেলে দেওয়া হয় এবং মুখ খোলা অবস্থায় থাকায় দুর্ঘটনার সৃষ্টি হয়। এছাড়া, গত বছরের বৃষ্টিতে গর্তটির মুখ আরও বড় হয়ে যায়। কোনো সতর্কতামূলক ব্যবস্থা বা ঢাকনা না থাকায় এই মর্মান্তিক ঘটনা ঘটেছে বলে স্থানীয়রা অভিযোগ করেন।

LENS ASIA